**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

জেলা পরিষদ শাখা

www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.৭৮০০.০৪২.১৪.১৩৮.২২(অংশ-১).২৯৭২ তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে পটুয়াখালী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৬৬৩.৫০ লক্ষ (ছয় কোটি তেষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩২৯টি প্রকল্প বাস্তবায়নের অনুমোদন সংক্রান্ত।**

সূত্র: নথি নম্বর: ৪৬.১০.৭৮০০.০০০.০২.০০৪.২৩-৩৫৯, তারিখ: ০৩/১১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে পটুয়াখালী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৬৬৩.৫০ লক্ষ (ছয় কোটি তেষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩২৯টি প্রকল্পের মধ্যে ১৩৪.০০ লক্ষ (এক কোটি চৌত্রিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৩৪টি গভীর নলকূপ স্থাপন প্রকল্প ব্যতীত অবশিষ্ট (৩২৯-১৩৪)=১৯৫টি প্রকল্প (৬৬৩.৫০-১৩৪.০০) = ৫২৯.৫০ লক্ষ (পাঁচ কোটি উনত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

ক. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

খ. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;

গ. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;

ঘ. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;

ঙ. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং

চ. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

০২। পটুয়াখালী জেলা পরিষদের অধিক্ষেত্রভুক্ত এলাকায় বিগত পাঁচ বছরে জেলা পরিষদ ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত গভীর নলকূপের সংখ্যা ও বর্তমানে গভীর নলকূপের চাহিদার পরিমাণসহ নিম্নোক্ত ছক মোতাবেক তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো:

| ক্রম | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বিগত পাঁচ বছরে উপজেলাভিত্তিক স্থাপিত মোট নলকূপের সংখ্যা | জেলা পরিষদ কর্তৃক বিগত পাঁচ বছরে উপজেলাভিত্তিক স্থাপিত মোট নলকূপের সংখ্যা, ঠিকানা ও সচল মোবাইল নম্বর | বর্তমানে নলকূপের সম্ভাব্য চাহিদার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:
১. প্রশাসক, জেলা পরিষদ, পটুয়াখালী;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পটুয়াখালী।

স্মারক নম্বর: ৪৬.০০.৭৮০০.০৪২.১৪.১৩৮.২২(অংশ-১).২৯৭২/১(৫) তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব